

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের আওতায় ২০১২-১৩ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন  
প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ**

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ডুক্স প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%)	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	জাতীয় সংসদ সচিবালয়	০১	-	০১	-	-	০১	২৫%	-	-

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ২০১২-১৩ অর্থ বছরের এডিপিতে জাতীয় সংসদ সচিবালয়ের বিপরীতে অন্তর্ভুক্ত ০১ (এক) টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল :** সমাপ্ত প্রকল্পটির মূল অনুমোদিত বাস্তবায়নকাল বৃদ্ধি পেয়েছে যার শতকরা হার ২৫%। তবে নির্ধারিত ব্যয়ের মধ্যেই প্রকল্পটি সমাপ্ত হয়।

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :** বাস্তবায়ন পর্যায়ে যন্ত্রপাতি/সরঞ্জামাদি, আসবাবপত্র, দাতা সংস্থার অর্থ ছাড় ইত্যাদি কারণে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধি ঘটে।

**৪। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে চিহ্নিত সমস্যা ও সুপারিশ :**

সমস্যা	সুপারিশ
৪.১ প্রকল্পটির আওতায় সোলার পাওয়ার প্ল্যান্টটি স্থাপনের পর জুলাই '২০১২ মাস থেকে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ উৎপাদন করে আসছে যা সরাসরি ন্যাশনাল গ্রীডে সংযোজিত হচ্ছে। পরিদর্শকালে পাওয়ার প্ল্যান্টটি পরিদর্শন করা হয় এবং প্রকল্প সমাপ্তির পর প্ল্যান্টটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তরের কাছে অর্পণ করা হয়েছে মর্মে জানা যায়। পরিদর্শনকালে প্ল্যান্টটিতে আবর্জনা ও শুকনো পাতা, ইত্যাদি জমে থাকতে দেখা গেছে যা অভিপ্রেত নয়। এর ফলে সূর্যের আলো থেকে সৌরশক্তি আহরণ কিছুটা হলেও ব্যাহত হচ্ছে মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।	৪.১ ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার পরিপ্রেক্ষিতে গতানুগতিক উপায়ে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের উদ্দেশ্যে সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপন নিঃসন্দেহে একটি ভাল এবং পরিবেশবান্ধব উদ্যোগ। সুতরাং এর যথাযথ রক্ষণাবেক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর ও মনোযোগী হতে হবে। জাতীয় সংসদ সচিবালয় বিষয়টি গণপূর্ত বিভাগকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেবে।
৪.২ প্রকল্প সমাপ্তির ৬ মাস পরেও সিভিল অডিট ডিভিশন কর্তৃক পরিচালিত অডিট প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়নি মর্মে জানা গেছে, যা কাম্য নয়।	৪.২ সিভিল অডিট ডিভিশন কর্তৃক পরিচালিত অডিট প্রতিবেদন যথাশীঘ্র প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবে।

সোলার পাওয়ার সিস্টেম ইন বাংলাদেশ পার্লামেন্ট শীর্ষক প্রকল্প  
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন  
(সমাপ্তঃ জুন, ২০১৩)

০১. প্রকল্পের অবস্থান : মন্ত্রী হোটেল সংলগ্ন মাঠ,  
জাতীয় সংসদ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. প্রশাসনিক মন্ত্রণালয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোটঃ ৮৮৭.৪৯ জিওবিঃ ১৩৭.৪৯ প্রঃসাঃ ৭৫০.০০	-	মোটঃ ৮৮৭.৪৯ জিওবিঃ ১৩৭.৪৯ প্রঃসাঃ ৭৫০.০০	অক্টোবর, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৩	মে ২০১২ হতে জুন, ২০১৩	অক্টোবর, ২০১১ হতে জুন, ২০১৩	-	৬ মাস

০৫. প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকার ও KOICA (অনুদান)

০৬. প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

(সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর ও অন্যান্য তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

ক্রমিক	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
(ক)	রাজস্ব:					
০১।	ভাতাদি	জন	০.৭৮	৪	০.৭২ (৯২.৩১%)	৪ (১০০%)
	সরবরাহ ও সেবা/					
০২।	ভ্রমণ ভাতা	LS	১.৮৮	LS	০.০০ (০.০%)	খরচের প্রয়োজন হয়নি।
০৩।	গাড়ি ভাড়া জীপ /কার/মাইক্রোবাস/ Double Cabin pick- up	LS	১১.২৫	LS	৮.৬৭ (৭৭.০৭%)	১০০%
০৪।	আন্তর্জাতিক পরামর্শকের পারিতোষিক-এর ভ্যাট/আয়কর	LS	১৫.৫০	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
০৫।	টেলিফোন	LS	০.৭৫	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
০৬।	পানি এবং পয়ঃনিষ্কাশণ	LS	০.১৯	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
০৭।	বিদ্যুৎ	LS	০.৫৬	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
০৮।	তৈল ও জ্বালানী	LS	০.১৯	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
০৯।	মুদ্রণ ও প্রকাশনা	LS	০.৯৪	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।

ক্রমিক	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১০।	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	LS	১.৫০	LS	০.৯০ (৬০%)	১০০%
১১।	প্রশির্ষণ	LS	৪৫.৯৩	02 Weeks 10 Days	৪৫.৯৩ (১০০%)	১০০%
১২।	আপ্যায়ন	LS	১.৮৮	LS	০.৫৮ ( ৩০.৮৫%)	১০০%
১৩।	পরিবহন ও ল্যান্ডিং চার্জ	LS	১২.০৩	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
১৪।	আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ (ডিজাইন, তদারকী, টেকনোলজি ট্রান্সফার)	LS	১৫৫.০০	LS	১৫৫.০০ (১০০%)	১০০%
১৫।	অন্যান্য ব্যয়	LS	৫.০০	LS	৩.৬৪ (৭২.৮০%)	১০০%
<b>মেইনটেইনেন্স ও রক্ষনাবেক্ষণ:</b>						
১৬।	আসবাবপত্র	LS	০.০৮	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
১৭।	কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট	LS	০.১৩	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
১৮।	অন্যান্য (শীতাতপ নিয়ন্ত্রকযন্ত্র)	LS	০.১০	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
<b>উপ-মোট (রাজস্ব ব্যয়):</b>			<b>২৫৩.৬৬</b>		<b>২১৫.৪৪</b>	
(খ)	<b>মূলধন:</b>					
<b>সম্পদ ক্রয় :</b>						
১৯।	(ক) কম্পিউটার এবং প্রিন্টার	Set	০.৮২	Set	০.৮০ ( ৯৮%)	01 Set (১০০%)
২০।	(খ) আসবাবপত্র	LS	২.০০	LS	২.০০ ( ১০০%)	১০০%
২১।	(গ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	No	১.২০	No	১.০৬ (৮৮.৩৩%)	01 (১০০%)
<b>নির্মাণ ও পূর্ত /</b>						
২২।	১০০কি. ওয়াট সৌর বিদ্যুৎ প্যানেল সরবরাহ সিপমেন্ট, ইন্সটল, কেবল এবং জাতীয় গ্রীডে সংযোগের জন্য আনুষঙ্গিক যন্ত্রাংশ ক্রয়/সংগ্রহ এবং মেনটেইনেন্স।	LS	৫১৪.০৭	LS	৫১৪.০৭ (১০০%)	১০০%
২৩।	মূলধন খাতে সিডিভ্যাট	LS	৫১.৪১	LS	২০.৫৩ (৪০%)	১০০%
<b>উপ-মোট (মূলধন ব্যয়)</b>			<b>৫৬৯.৫০</b>		<b>৫৩৮.৪৬</b>	
(গ)	<b>আনুষঙ্গিক (ভৌত)</b>	LS	১৫.০০	LS	০.০০ (০.০০%)	খরচের প্রয়োজন হয়নি।
(ঘ)	<b>Price Contingency</b>	LS	৪৯.৩৩	LS	৩৫.০০ (৭১%)	১০০%
<b>(ক+খ+গ+ঘ) সর্বমোট ব্যয়ঃ</b>			<b>৮৮৭.৪৯</b>		<b>৭৮৮.৯০</b>	

## ৭.০। সাধারণ পর্যবেক্ষণঃ

## ৭.১। প্রকল্পের পটভূমিঃ

দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা প্রচলিত বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার মাধ্যমে মেটানো দুরূহ কাজ। এ লক্ষ্যে, জ্বালানী নীতিতে বিদ্যুৎ উৎপাদনের বিকল্প উৎস অন্বেষণের উপর বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। বিদ্যুৎ উৎপাদনের প্রাথমিক জ্বালানী হিসেবে প্রাকৃতিক গ্যাস, তেল ও কয়লা প্রাপ্তির সীমাবদ্ধতা বিবেচনায় রেখে বিকল্প উৎস হিসেবে সৌর বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা একটি বাস্তবধর্মী পদক্ষেপ। এছাড়া অসীম সৌরশক্তির ব্যবহারের মাধ্যমে উৎপাদিত সৌর বিদ্যুৎ একটি টেকসই এবং পরিবেশ দূষণমুক্ত পদ্ধতি। একদিকে যেমন সৌর বিদ্যুৎ উৎপাদনে চলমান অপারেটিং কস্ট নেই; অপরদিকে রক্ষণাবেক্ষণের ব্যয়ও সামান্য। সে বিবেচনায় জাতীয় সংসদ ভবনে সৌর বিদ্যুতায়নের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

## ৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

০১. বিদ্যমান বিদ্যুৎ সংকটের পরিপ্রেক্ষিতে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো;
০২. বিদ্যুৎ উৎপাদনের বিকল্প উৎস সৃষ্টি;
০৩. বাংলাদেশ পার্লামেন্টের জন্য ১০০ কি.ওয়াট সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানী খাতে কোরিয়া ও বাংলাদেশের মধ্যে সম্পর্ক উন্নয়ন করা; এবং
০৪. সৌর বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে কার্বন ডাই অক্সাইড ও অন্যান্য গ্রীণ হাউজ গ্যাস নির্মাণ হ্রাস করা;

৭.৩। **অনুমোদন পর্যায়ঃ** “সোলার পাওয়ার সিস্টেম ইন বাংলাদেশ পার্লামেন্ট” শীর্ষক প্রকল্পটি ৮৮৭.৪৯ লক্ষ টাকা (জিওবি ১৩৭.৪৯ এবং প্রকল্প সাহায্য ৭৫০.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে ০১/১০/২০১১ থেকে ৩০/১২/২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৮/১২/২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে সোলার পাওয়ার প্ল্যান্টটি আনুষ্ঠানিক উদ্বোধন করা এবং KOICA কর্তৃক রক্ষণাবেক্ষণ এবং মনিটরিং কাজের মেয়াদ সম্পূর্ণ করা, ইত্যাদি কারণে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৬ (ছয়) মাস অর্থাৎ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটি বাংলাদেশ সরকার এবং KOICA (অনুদান) এর যৌথ অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

## ৭.৪। প্রকল্পের মূল কার্যক্রমঃ

১০০ কিলোওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন প্ল্যান্ট স্থাপন।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দায়িত্বের ধরন
১।	ডা. মোঃ আফজাল হোসেন উপ-সচিব বাংলাদেশ সংসদ সচিবালয়	০১/০১/২০১১	৩০/০৬/২০১৩	খন্ডকালীন

৭.৬। **মূল্যায়ন পদ্ধতি (Methodology)** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়েছেঃ

- ক. ডিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;
- খ. মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা;
- গ. PEC, Steering Committee ইত্যাদি সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ঘ. বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং
- ঙ. প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। **প্রকল্প পরিদর্শনঃ**

গত ০৭/০১/২০১৪ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে অবস্থিত প্রকল্পটির স্থাপনা এবং প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

“সোলার পাওয়ার সিস্টেম ইন বাংলাদেশ পার্লামেন্ট” শীর্ষক প্রকল্পের আওতায় ১০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন Solar Power Plant- টি Installation এর কার্যক্রম জুলাই, ২০১২ মাসে সম্পন্ন করা হয় এবং জুলাই মাসেই পরীক্ষামূলকভাবে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সঞ্চালন শুরু করা হয়। প্রকল্প দলিল অনুযায়ী Solar Power

**Plant- টি Installation** কারী সংস্থা (KOICA) কর্তৃক প্ল্যান্টটি স্থাপিত হওয়ার পর এক বছর পর্যন্ত **Plant** টির তদারকী করার কথা ছিল এবং তারা তা করেছে মর্মে প্রকল্প সূত্রে জানা গেছে। বর্তমানে প্ল্যান্ট থেকে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত আছে এবং উৎপাদিত বিদ্যুৎ সরাসরি জাতীয় গ্রীডে যোগ হচ্ছে। প্ল্যান্ট স্থাপনের শুরু থেকে পরিদর্শনের দিন অর্থাৎ ০৭/০১/২০১৪ তারিখ পর্যন্ত মোট ১৬৩.৫৩১ মেগাওয়াট আওয়ার সৌর বিদ্যুৎ উৎপাদিত হয়েছে মর্মে জানা গেছে। KOICA বিশেষজ্ঞদের মতামত অনুযায়ী প্ল্যান্টটি আগামী ১৫ থেকে ২০ বছর পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে সৌর বিদ্যুৎ উৎপাদন করবে। প্রচলিত নিয়মে জীবাশ্ম জ্বালানীর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা হলে পরিবেশে ২১ টন কার্বন উৎপন্ন ও নিঃসরণ হতো। প্রকল্পের আওতায় সৌর শক্তির মাধ্যমে ব্যাটারিবিহীন বিদ্যুৎ উৎপাদন করায় উক্ত পরিমাণ কার্বন ডাই অক্সাইড বাতাসে নিঃসরণ না হওয়ায় এটিকে পরিবেশবান্ধব হিসেবে অভিহিত করা যায়। প্রকল্পটি গত ৩০ জুন'২০১৩ মাসে সমাপ্ত হয়েছে। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক প্ল্যান্টটি কারিগরীভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণে সক্ষম না হওয়ায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১০০ কিলোওয়াট সোলার পাওয়ার প্ল্যান্টটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব গত ০৫ সেপ্টেম্বর ২০১৩ তারিখে গণপূর্ত ই/এম সার্কেল-৩, শের-ই-বাংলা নগর, ঢাকা এর নিকট অর্পণ করা হয়েছে।

সোলার পাওয়ার প্ল্যান্টটি প্রথমে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজার দক্ষিণ-পূর্ব মাঠে স্থাপন করার কথা ছিল। বিভিন্ন কারণে পরবর্তীতে মন্ত্রী হোস্টেলের পশ্চিম দিকে মাননীয় স্পীকার মহোদয়ের বাসভবনের পূর্ব দিকের মাঠে স্থাপন করা হয়। এ পাওয়ার প্ল্যান্টটি অনলাইন পাওয়ার প্ল্যান্ট; অর্থাৎ এ প্ল্যান্ট থেকে উৎপাদিত বিদ্যুৎ কোন ব্যাটারিতে স্টোরেজ না করে সরাসরি জাতীয় গ্রীডে যোগ হয়। এতে উৎপাদিত ডিসি বিদ্যুৎকে কনভার্টারের মাধ্যমে এসি বিদ্যুতে রূপান্তরিত করে সরাসরি জাতীয় গ্রীডের সাথে সংযুক্ত করা হচ্ছে।

#### ০৯। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
১. বিদ্যমান বিদ্যুৎ সংকটের পরিপ্রেক্ষিতে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো	জুন, ২০১২ মাসে প্ল্যান্ট স্থাপনের পর থেকে পরীক্ষামূলকভাবে উৎপাদিত বিদ্যুৎ সরাসরি জাতীয় গ্রীডে যোগ হচ্ছে। শুরু থেকেই নিরবচ্ছিন্ন বিদ্যুৎ উৎপাদন হচ্ছে এবং জুলাই'২০১২ মাস থেকে পরিদর্শনের দিন পর্যন্ত ১৬৩ মেগাওয়াট আওয়ার বিদ্যুৎ উৎপাদিত হয়েছে।
২. বিদ্যুৎ উৎপাদনের বিকল্প উৎস সৃষ্টি	এই প্ল্যান্টটি কোন জীবাশ্ম জ্বালানী অর্থাৎ প্রেট্রোল, ডিজেল, কয়লা, ইত্যাদি ব্যতিরেকে সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করছে; এর ফলে কোন কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হচ্ছেনা এবং পরিবেশ দূষণও হচ্ছেনা। এ কারণে প্ল্যান্টটি বিদ্যুৎ উৎপাদনের বিকল্প উৎস হিসেবে কাজ করছে বলে অভিহিত করা যায়।
৩. বাংলাদেশ পার্লামেন্টের জন্য ১০০ কিলোওয়াট সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানী খাতে কোরিয়া ও বাংলাদেশের মধ্যে সম্পর্ক উন্নয়ন করা।	আলোচ্য প্রকল্পের আওতায় ১০০ কিলোওয়াট সৌর বিদ্যুৎ প্ল্যান্টটি স্থাপনের মাধ্যমে কোরিয়া ও বাংলাদেশের মধ্যে একটি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপনের প্রয়াস নেয়া হয়েছে। কোরিয়া সরকারের পক্ষ থেকে ১ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে এই পাওয়ার প্ল্যান্টটি উপহার হিসেবে স্থাপন করা হয়েছে। প্ল্যান্টটি স্থাপনকালে সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ছাড়াও KOICA-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া, কোরিয়া থেকে ৬ জন কর্মকর্তা বাংলাদেশে এসে ১০ জন কর্মকর্তাকে প্ল্যান্টের উপর প্রশিক্ষণ প্রদান করেন। এসব কার্যক্রমের মাধ্যমে উভয় দেশের মধ্যে সুসম্পর্ক স্থাপিত হয়েছে। কোরিয়া সরকারের পক্ষ থেকে সৌর বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে আরও সহযোগিতা পাওয়া যাবে মর্মে আশা করা যায়।
৪. সৌর বিদ্যুৎ ব্যবহারের মাধ্যমে কার্বন ডাই অক্সাইড ও অন্যান্য গ্রীণ হাউজ গ্যাস নির্গমন হ্রাস করা।	স্থাপনের পর থেকে প্ল্যান্টটি ১৬৩.৫৩১ মেগাওয়াট আওয়ার বিদ্যুৎ উৎপাদন করেছে এবং প্রায় ৪২ টন কার্বন ডাই অক্সাইড নিঃসরণ ও অন্যান্য গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ থেকে পরিবেশ রক্ষা করেছে।

১০। উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণঃ প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

**১১। মনিটরিং**

প্রকল্প বাস্তবায়নকালে আইএমইডি কর্তৃক ২৭/১২/২০১২ তারিখে পরিদর্শন করা হয় এবং যথারীতি পরিদর্শন প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়। অন্য কোন সংস্থা কর্তৃক মনিটরিং করার পক্ষে কোন তথ্য পাওয়া যায়নি।

**১২। অডিটঃ****১২.১। অভ্যন্তরীণ অডিটঃ** প্রযোজ্য নয়।

**১২.৩। এক্সটার্নাল অডিটঃ** প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদে ২ (দুই) বার অডিট কার্যক্রম পরিচালনা করা হয়েছে। গত ২৮-০৫-২০১৩ তারিখ থেকে ০২-০৬-২০১৩ তারিখ পর্যন্ত FAPAD কর্তৃক অডিট করা হয়েছে। কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে এবং নিরীক্ষা প্রতিবেদন সূত্রে জানা গেছে। এছাড়া, সিভিল অডিট ডিভিশন কর্তৃক জুলাই, ২০১৩ মাসে অডিট পরিচালনা করা হয় যার প্রতিবেদন পরিদর্শনের দিন পর্যন্ত পাওয়া যায়নি মর্মে অবহিত করা হয়েছে।

**১৩। প্রকল্পের আওতায় গৃহীত ক্রয় কার্যক্রমঃ**

প্রকল্পের আওতায় প্রিন্টারসহ ১টি ডেস্কটপ কম্পিউটার ও কিছুসংখ্যক আসবাবপত্র যেমন চেয়ার, টেবিল, বুকশেলফ, ইত্যাদি ক্রয় করা হয়েছে। ক্রয়সংক্রান্ত নথিপত্র পর্যবেক্ষণ করা হয়েছে এবং PPR-08 অনুসরণ পূর্বক ক্রয় করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

**১৪। সমস্যাঃ**

**১৪.১।** প্রকল্পটির আওতায় সোলার পাওয়ার প্ল্যান্টটি স্থাপনের পর জুলাই '২০১২ মাস থেকে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ উৎপাদন করে আসছে যা সরাসরি ন্যাশনাল গ্রীডে সংযোজিত হচ্ছে। পরিদর্শককালে পাওয়ার প্ল্যান্টটি পরিদর্শন করা হয় এবং প্রকল্প সমাপ্তির পর প্ল্যান্টটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব গণপূর্ত অধিদপ্তরের কাছে অর্পণ করা হয়েছে মর্মে জানা যায়। পরিদর্শনকালে প্ল্যান্টটিতে আবর্জনা ও শুকনো পাতা, ইত্যাদি জমে থাকতে দেখা গেছে যা অভিপ্রেত নয়। এর ফলে সূর্যের আলো থেকে সৌরশক্তি আহরণ কিছুটা হলেও ব্যাহত হচ্ছে মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

**১৪.২।** প্রকল্প সমাপ্তির ৬ মাস পরেও সিভিল অডিট ডিভিশন কর্তৃক পরিচালিত অডিট প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়নি মর্মে জানা গেছে, যা কাম্য নয়।

**১৫। সুপারিশঃ**

**১৫.১।** ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার পরিপ্রেক্ষিতে গতানুগতিক উপায়ে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের উদ্দেশ্যে সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপন নিঃসন্দেহে একটি ভাল এবং পরিবেশবান্ধব উদ্যোগ। সুতরাং এর যথাযথ রক্ষণাবেক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর ও মনোযোগী হতে হবে। জাতীয় সংসদ সচিবালয় বিষয়টি গণপূর্ত বিভাগকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেবে।

**১৫.২।** সিভিল অডিট ডিভিশন কর্তৃক পরিচালিত অডিট প্রতিবেদন যথাশীঘ্র প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবে।